ইত্তেফাক

তারিখ ... 6.8.83 ...
পৃষ্ঠা ... 3 কলাম 2 ...

# প্রাথমিক শিক্ষাকে পর্যায়ক্রমে ৮ বছর মেয়াদী করা হইবে

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বলিয়াছেন, প্রাথমিক শিক্ষাকে পর্যায়ক্রমে ৫ বছর হইতে ৮ বছরে উন্নীত করা হইবে এবং বর্তমান সার্বজনীন প্রাথমিক শিক্ষাকে ভবিষ্যতে বাধ্যতামূলক করা হইবে।

মন্ত্রী গত বৃহস্পতিবার শিক্ষা ভবনে দুই বছর মেয়াদী পি-টি-আই প্রশিক্ষণ কোর্স চালু সংক্রান্ত এক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।

তিনি বলেন, প্রাথমিক শিক্ষাকে কাঠামোগতভাবে মজবুত এবং জীবন ভিত্তিক করাই এই কোর্সের লক্ষ্য। মন্ত্রী বলেন, আমাদের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে ৫ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা অর্থবহ হয় না। ইহাকে কাঠামোগতভাবে জীবন ভিত্তিক করার কাজ শেষ হইলে ক্রমান্বয়ে ভবিষ্যতে ৮ বছর মেয়াদী করা হইবে। প্রাথমিক শিক্ষাকে সকল শিক্ষার সাথে মূল্যায়নের জন্য ২ বছর মেয়াদী পি টি আই কোর্স চালুর সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। পি টি আই ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকদের জন্য সারাজীবন শিক্ষার দ্বার অবারিত থাকিবে এবং প্রয়োজনবোধে অন্য যে কোন পেশায় নিয়োজিত হইতে পারিবেন। একই

(৫ম পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষাকে পর্যায়ক্রমে

(৩য় পৃঃ পর)

সঙ্গে তাহাদের শিক্ষকতার গুণগত মানও বৃদ্ধি পাইবে।

মন্ত্রী বলেন, শিক্ষকদের সহযোগিতা ছাড়া এই কর্মসূচী বাস্তবায়ন সম্ভব নহে। এই ব্যাপারে তিনি শিক্ষকদের সহযোগিতা কামনা করেন।

শিক্ষা সচিব কাজী জালাল উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ দেশের বিভিন্ন পি টি আই এর ৪৭ জন সুপারিনটেনডেন্ট অংশগ্রহণ করেন। তথ্য বিবরণী।

059